

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০২.০০.০১৫.২০১৬- ১২২


তারিখ: ১৬/৩/১৭

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এটি মামলা নং-৩৭৭/২০১৬, বাদী-জনাব মোঃ তামজিদ সরওয়ার, উপ-পরিচালক, নগর অঞ্চল উন্নয়ন প্রকল্পের অধীন আরবান ম্যানেজমেন্ট সাপোর্ট ইউনিট, সদর দপ্তর, ঢাকা-বনাম সরকার ও অন্যান্য মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ।

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের উপ-পরিচালক জনাব তামজিদ সরওয়ার, নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প এর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলার তদন্তে সত্যতা প্রমানিত হওয়ায় লঘুদণ্ড হিসাবে তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি ০২(দুই) বছরের জন্য স্থগিত করার আদেশকে চ্যালেঞ্জ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর আদালত হতে এটি মামলা নং-৩৭৭/২০১৬ দায়ের করা হয়। বাদী কর্তৃক দাখিলকৃত এটি মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজীতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ০২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য এবং বিজ্ঞ ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত আদেশের অনুলিপি এতদসঙ্গে প্রেরণপূর্বক নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, নির্ধারিত সময়ে জবাব প্রদান করা না হলে বর্ণিত এটি মামলায় মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তর সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত: ----বর্ণনামতে।


(মোহাম্মদ শফিকুল আরিফ)

উপসচিব

ফোন-৯৫৪০৯৯৫

ইমেইল: arif 6550 @yahoo.com.

১। প্রধান প্রকৌশলী
এলজিইডি, ঢাকা।

২। উপসচিব(উন্নয়ন-১ শাখা)
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। বিজ্ঞ রেজিষ্টার, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা;

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।